

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০১৮.২০২০. ৫৫

তারিখ:

১৪ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ নভেম্বর ২০২২ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, ড. আমিরুল ইসলাম (১০৭৬১), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহযোগী অধ্যাপক-সমাজবিজ্ঞান), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা ও ও প্রাক্তন প্রকল্প পরিচালক, "ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় ১০(দশ) টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্প" এর বিরুদ্ধে প্রকল্প পরিচালক হিসেবে ভূমি অধিগ্রহণ এর মূল্য তালিকা যাচাই বাছাইকালে সম্পূর্ণ দুর্ভিত্তিসম্মূলকভাবে, দুর্নীতির অভিপ্রায়ে মিথ্যা তথ্য সন্নিবেশনের মাধ্যমে আর.ডি.পি.পি প্রস্তুতকরণে সহায়তা করার অভিযোগে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, গত ০১/১২/২০২১ খ্রিস্টাব্দে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন মতে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, ড. আমিরুল ইসলাম (১০৭৬১), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহযোগী অধ্যাপক-সমাজবিজ্ঞান), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর আনীত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-

তারিখ: ২৯/১১/২০২২
(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব


নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০১৮.২০২০. ৫৫/২(৭)

তারিখ:

১৪ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ নভেম্বর ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ড. আমিরুল ইসলাম এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। প্রকল্প পরিচালক, "ঢাকা শহর সন্নিকটবর্তী এলাকায় ১০(দশ) টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্প"।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপসচিব (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। প্রধান হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৭। ড. আমিরুল ইসলাম (১০৭৬১), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহযোগী অধ্যাপক-সমাজবিজ্ঞান), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


২৯.১১.২০২২
(আবু সাঈদ মো: ফজলে এলাহী)
উপসচিব

ফোন: ২২২৩৩৫৪২৬৫